

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫১২

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৪. মন্দ চরিত্র সম্পর্কে ভীতি প্রদর্শন

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ _رَضِيَ اللَّهُ عَنْهُمَا _قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «الْعَجَلَةُ مِنَ الشَّيْطَان». أَخْرَجَهُ التِّرْمِذِيُّ, وَقَالَ: حَسَنُ

رواه الترمذي (2012) من طريق عبد المهيمن بن عباس بن سهل بن سعد الساعدي، عن جده، به. وزاد في أوله: «الأناة من الله ». وكذا نقل الحافظ هنا التحسين عن الترمذي، ونقل عنه صاحب «التحفة» (4/ 129): «حسن غريب». والذي في المطبوع قوله: هذا حديث غريب، وقد تكلَّم بعض أهل الحديث في عبد المهيمن بن عباس بن سهل، وضعفه من قبل حفظه

বাংলা

১৫১২। সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: তাড়াহুড়া অর্থাৎ চিন্তাভাবনা না করেই কথা বলা বা কাজ করা শাইতানের প্রভাব থেকে হয়।[1]

English

Sahl bin Sa'd (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said: "Haste comes from Satan." Related by At-Tirmidhi who graded is as Hasan.

ফুটনোট



[1] হিলইয়াতুল আওলিয়া ৮/৭৮; শুআবূল ঈমান ৪/৮৯; মুসনাদ আবী ইয়া'লা ৭/২৪৭, হুসাইন সালিম আসাদ এর সানাদকে দুর্বল বলেছেন। ইমাম তিরমিয়ী (২০১২) আবদুল মুহাইমিন বিন আব্বাস বিন সাহল বিন সা'দ আস সাঈদী এর সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন। তিনি তার পিতা থেকে, তিনি তার দাদা থেকে। এর পূর্বে অতিরিক্ত রয়েছে এটা (ধীরস্থিরতা আল্লাহর পক্ষ থেকে)। অনুরূপভাবে ইবনু হাজার ইমাম তিরমিয়ী কর্তৃক হাদীসটিকে হাসান বলার কথা বলেছেন। আবদুর রহমান মুবারকপুরী তার তুহফাতুল আহওয়ায়ী (৪/১২৯) গ্রন্থে বলেন, ইমাম তিরমিয়ী হাদীসটিকে হাসান গরীব বলেছেন। কোন কোন মুদ্রণে "এ হাদীসটি গরীব" কথাটির উল্লেখ রয়েছে। কতিপয় মুহাদ্দিস আবদুল মুহাইমীন বিন আব্বাস বিন সাহল-এর সমালোচনা করেছেন। স্মৃতিশক্তির দিক থেকে তাকে দুর্বল বলেছেন। ইমাম সুয়ৃত্বী তাঁর আল জামেউস সগীর (৩০৮৮) গ্রন্থে হাদীসটিকে হাসান বলেছেন। তবে আনাস বিন মালিক সূত্রে বর্ণিত একই হাদীস আল জামেউস সগীর (৩০৯০) গ্রন্থে হাসান বলেছেন। শাইখ আলবানী আবার উক্ত আনাস বিন মালিকের হাদীসকে সহীহুল জামে (৩০১১) গ্রন্থে হাসান বলেছেন। তিনি সিলসিলা সহীহাহ (১৭৯৫) গ্রন্থে বলেন, এর সানাদে হাসান এবং প্রত্যেক বর্ণনাকারীই বিশ্বস্ত। ইবনুল কীসরানী তাঁর দাখীরাতুল হুফফায (৩/১৬০৬) গ্রন্থে বলেন, এর সানাদে ইবনু লাহিয়া নামক দুর্বল বর্ণনাকারী রয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন